

এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু

অনলাইন ডেস্ক



সারা দেশে ২০২৬ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমানের পরীক্ষা শুরু হয়েছে আজ মঙ্গলবার। ৩ হাজার ৮৮৫টি কেন্দ্রে সকাল ১০টায় শুরু হওয়া এই পরীক্ষায় ৩০ হাজার ৬৬৬টি স্কুল-মাদরাসা ও কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠানের সাড়ে ১৮ লাখেরও বেশি পরীক্ষার্থী অংশ নিয়েছে। দুপুর ১টায় এ পরীক্ষা শেষ হবে।

এদিকে নকল ও ডিভাইস ব্যবহার করে ডিজিটাল জালিয়াতি এবং প্রশ্নপত্র ফাঁস ঠেকাতে কঠোর নজরদারি রেখেছে শিক্ষাপ্রশাসন ও আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যরা।

পড়ুন



ফের বদলাচ্ছে পুলিশের পোশাক, বিধি সংশোধনে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে চিঠি

প্রকাশিত সময়সূচি অনুযায়ী- ৯টি সাধারণ শিক্ষা বোর্ডে প্রথম দিনে বাংলা প্রথম পত্র পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। মাদরাসা বোর্ডের অধীনে দাখিলে প্রথম দিনে কোরআন মাজিদ ও তাজভিদ পরীক্ষা নেওয়া হচ্ছে। এ ছাড়া কারিগরি বোর্ডের অধীনে এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষার প্রথম দিনে বাংলা-২ বিষয়ের পরীক্ষা হচ্ছে।

আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির তথ্য মতে, এবার ১১টি শিক্ষা বোর্ডের অধীনে এসএসসি ও সমমান পরীক্ষায় অংশ নিতে ফরম পূরণ করেছে ১৮ লাখ ৫৭ হাজার ৩৪৪ জন।

তার মধ্যে সাধারণ ৯টি বোর্ডে ১৪ লাখ ১৮ হাজার ৩৯৮ জন। আর মাদরাসা শিক্ষা বোর্ডে তিন লাখ চার হাজার ২৮৬ জন ও কারিগরি বোর্ডে পরীক্ষার্থী এক লাখ ৩৪ হাজার ৬৬০ জন।

এবার নিয়মিত পরীক্ষার্থী ১৪ লাখ ৪৮ হাজার
৫১১ জন। আর অনিয়মিত পরীক্ষার্থী চার
লাখের বেশি।

তাদের মধ্যে এক বিষয়ে উত্তীর্ণ হতে পরীক্ষা
দিচ্ছে ২ লাখ ৬১ হাজারের বেশি পরীক্ষার্থী।
বাকিরা দুই, তিন, চার বা সব বিষয়ে পরীক্ষা
দিচ্ছে।